

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৭৪

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. দিতীয় অনুচ্ছেদ - জানাযার সাথে চলা ও সালাতের বর্ণনা

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا صَلَّيْتُمْ عَلَى الْمَيِّتِ فَأَخْلِصُوا لَهُ الدُّعَاءَ» . رَوَاهُ أَبُو دَاؤُد وَابْن مَاجَه

#### বাংলা

১৬৭৪-[২৯] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা জানাযার সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের সময় মৃত ব্যক্তির জন্য খালেস অন্তরে দু'আ করবে। (আবৃ দাউদ, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৩১৯৯, ইবনু মাজাহ্ ১৪৯৭, ইবনু হিব্বান ৩০৭৬, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৯৬৪, ইরওয়া ৩য় খন্ড, হাঃ ৭৩২, সহীহ আল জামি' আস্ সগীর ৬৬৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: সালাতুল জানাযার উদ্দেশ্য যেহেতু মাইয়্যিতের জন্য সুপারিশ এবং মাগফিরাত কামনা, সুতরাং তা পূর্ণমাত্রায় ইখলাসের সাথে করার নির্দেশ দেয়া হয়েছে। ইখলাস পূর্ণ দু'আ-ই কবূল হয়। ইমাম শাওকানী বলেনঃ এ হাদীস প্রমাণ করে যে, প্রচলিত যে দু'আ আছে এর দ্বারা সীমাবদ্ধ এবং নির্দিষ্ট করবে না বরং অনেক দু'আ পড়বে। মুসল্লীগণ নেক্কার বদকার সকলের জন্যই খালেস অন্তরে দু'আ করবে। যারা পাপী তারা তো আরো অধিক দু'আর এবং শাফা'আতের মুহতাজ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন